



# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৯১২৪৮৪৬

ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫

ই-মেইল : info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

স্মারক নং ৩৯.০৭.০০০০.০১.০১১.০৪৩.১৩.১৭-০১

তারিখ: ১৫/০৬/২০১৭ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিম্নোক্ত স্থায়ী পদসমূহে রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে (যা কর্তৃপক্ষের website: www.baera.gov.bd থেকে ডাউনলোড করে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১।	এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার টা: ২২,০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম)	০১	অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিএ বা স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য দুই বৎসরের চাকুরির অভিজ্ঞতা। (২) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে অন্যান্য ৪০ শব্দের গতি এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান থাকিতে হইবে; এবং (৩) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি (সমমান) গ্রহণযোগ্য হইবেনা।
২।	অফিস এ্যািসিস্ট্যান্ট-কাম-কম্পিউটার অপারেটর টা: ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬তম)	০৭	অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (২) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং (৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে অন্যান্য ২০ শব্দের গতি থাকিতে হইবে।

### শর্তাবলীঃ

০১। আবেদন গ্রহণের শেষ তারিখ: ১৬/০৭/২০১৭ খ্রি।

০২। আগামী ০১/০৭/২০১৭ তারিখে আবেদনকারীর বয়স অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বৎসর হতে পারে।

০৩। আবেদনপত্র ডাকযোগে “উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭” বরাবর আগামী ১৬/০৭/২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের website: www.baera.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৫। আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ১০.০০ (দশ) টাকা সমমানের অব্যবহৃত ডাক টিকেট সংযুক্ত ৯.৫" x ৪.৫" পরিমাপের একটি খাম দিতে হবে।

০৬। সরকারি/আধা-সরকারি/স্বায়তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।)

০৭। আবেদনপত্রের সাথে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুকূলে ক্রমিক ১নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) এবং ২নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার (অফেরতযোগ্য) পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। এছাড়া ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ব্যতীত আর কোন কাগজপত্রের অনুলিপি জমা দিতে হবে না।

০৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


১০। কোন ধরনের তদবির/সুপারিশ/ভুল তথ্য অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১১। “পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিমি) বিভাগ-২য় পর্যায় এবং ট্রিগা মার্ক-টু গবেষণা চুল্লীর ডিজিটাল নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ” শীষক সমাপ্ত প্রকল্পে কর্মরত ছিলেন এমন আবেদনকারীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে এক্ষেত্রে আবেদনের সাথে সংশ্লিষ্ট প্রকল্পে কর্মরত থাকার স্বপক্ষে প্রয়োজনীয় প্রমানাদী দাখিল করতে।

১২। পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণমূলক কাজের সাথে সংশ্লিষ্ট প্রার্থীর ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে সাক্ষাৎকারের সময় প্রদত্ত সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪। কর্তৃপক্ষ যে কোন বা সকল নিয়োগ বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা  
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
ঢাকা।